

জাতীয় কম্পিউটার প্রশিক্ষণ ও গবেষণা একাডেমী (নেকটার)
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
বগুড়া, বাংলাদেশ।
www.nactar.gov.bd

স্মারক নংঃ ৫৭.২১.০০০০.০০৮.৩৮.০০৩.২২.৬৪৫

তারিখ: ১৭ বৈশাখ, ১৪৩০ বঙ্গাব্দ
৩০ এপ্রিল, ২০২৩ খ্রিষ্টাব্দ

মুক্ত পেশাজীবী তৈরীতে আইসিটি বিষয়ক প্রশিক্ষণ প্রদান সহজীকরণ অফিস আদেশ

জাতীয় কম্পিউটার প্রশিক্ষণ ও গবেষণা একাডেমীর ২০২২-২৩ অর্থবছরে সম্পাদিত বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আওতায় আবশ্যিক অংশের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার সূচক ১.১.১ এ সেবা সহজীকরণ/ডিজিটাইজেশনের মাধ্যমে ন্যূনতম একটি উদ্ভাবনী ধারণা বাস্তবায়নের লক্ষ্য পূরণের নিমিত্ত জাতীয় কম্পিউটার প্রশিক্ষণ ও গবেষণা একাডেমী কর্তৃক ৫ সদস্য বিশিষ্ট একটি এস.পি.এস টিম গঠন করা হয়। উক্ত টিম “মুক্ত পেশাজীবী তৈরীতে আইসিটি বিষয়ক প্রশিক্ষণ প্রদান” সেবাটি সহজীকরণের লক্ষ্যে সুপারিশসহ একটি প্রতিবেদন দাখিল করেন যা কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত হয়। সে প্রেক্ষিতে গত ৫ জানুয়ারি ২০২৩ তারিখ ৫৭.২১.০০০০.০০৮.৩৮.০০৩.২২.৪১ নং স্মারকে পাইলটিং এর জন্য অফিস আদেশ জারি করা হয়। জানুয়ারি-মার্চ ২০২৩ সময়ে পাইলটিং হিসাবে ২টি প্রশিক্ষণে সহজীকৃত সেবাটি পরিবীক্ষণ করা হয়। গত ২৮/০৩/২০২৩ তারিখ পাইলটিং মূল্যায়ন করা হয়।


০২। এমতাবস্থায়, সফলভাবে পাইলটিং সম্পন্ন হওয়ায় ধাপ কমিয়ে সচিবালয় নির্দেশমালা-২০১৪ এর নির্দেশ ৫৭(১) অনুসারে মুক্ত পেশাজীবী তৈরীতে আইসিটি বিষয়ক প্রশিক্ষণ প্রদান সহজীকরণ প্রক্রিয়াটি অব্যাহত রাখার জন্য চূড়ান্ত অফিস আদেশ জারি করা হলো। পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত নিম্নোক্ত পদ্ধতি অনুসরণ করে মুক্ত পেশাজীবী তৈরীতে আইসিটি বিষয়ক প্রশিক্ষণ প্রদান সহজীকরণ সেবাটি প্রদান করা হবে।

- ক. প্রশিক্ষণ সমন্বয়কারী কোর্সসমূহ পরিচালনার বার্ষিক প্রাক্কলন তৈরি করে তা অর্থ সেকশনে উপস্থাপন করবেন।
- খ. খসড়া বার্ষিক প্রাক্কলন পরিচালকের নিকট উপস্থাপনপূর্বক অনুমোদন গ্রহণ করতে হবে।
- গ. প্রশিক্ষণ সমন্বয়কারী খসড়া বিজ্ঞপ্তি পরিচালকের নিকট উপস্থাপনপূর্বক অনুমোদন গ্রহণ করে বিজ্ঞপ্তি প্রকাশের ব্যবস্থা গ্রহণ করবেন।
- ঘ. প্রশিক্ষণার্থীগণ বিজ্ঞপ্তি অনুসারে আবেদন করবেন।
- ঙ. প্রশিক্ষণ সমন্বয়কারী আবেদন পত্র বাছাই করবেন।
- চ. প্রশিক্ষণ সমন্বয়কারী প্রশ্নপত্র প্রণয়ন কমিটি ও প্রশ্নপত্র পরিবীক্ষণ কমিটি গঠনপূর্বক পরিচালকের নিকট অনুমোদন গ্রহণ করবেন।
- ছ. প্রশ্নপত্র প্রণয়ন কমিটি প্রশ্নপত্র প্রণয়ন করবেন এবং প্রশ্নপত্র পরিবীক্ষণ কমিটি তা যাচাই করবেন।
- জ. পরীক্ষা নিয়ন্ত্রক উত্তরপত্র মূল্যায়ন কমিটি এবং উত্তরপত্র পর্যালোচনা কমিটি গঠন করবেন এবং নির্বাচন পরীক্ষা পরিচালনা করবেন।
- ঝ. উত্তরপত্র মূল্যায়ন কমিটি উত্তরপত্র মূল্যায়ন করবেন এবং পরীক্ষা পর্যালোচনা কমিটি মূল্যায়নের যথার্থতা যাচাই করবেন।
- ঞ. পরীক্ষা নিয়ন্ত্রক খসড়া ফলাফল তৈরি পরিচালকের নিকট উপস্থাপনপূর্বক অনুমোদন গ্রহণ করে নির্বাচিত প্রার্থীদের তালিকা প্রকাশ করবেন।
- ট. প্রশিক্ষণ সমন্বয়কারী ভর্তি ফি গ্রহণ, উদ্বোধনী অনুষ্ঠান ও প্রশিক্ষণ সহায়ক উপকরণ প্রদানের ব্যবস্থা গ্রহণ করবেন।
- ঠ. প্রশিক্ষণ সমন্বয়কারী প্রশিক্ষণ পুল গঠন করে পরিচালকের নিকট উপস্থাপনপূর্বক অনুমোদন গ্রহণ করবেন।

ড. প্রশিক্ষণ শেষে পরীক্ষা নিয়ন্ত্রক পোস্ট টেস্ট গ্রহণ, কোর্স ফিডব্যাক গ্রহণ ও চূড়ান্ত পরীক্ষা গ্রহণ করে খসড়া ফলাফল তৈরি পরিচালকের নিকট উপস্থাপনপূর্বক অনুমোদন গ্রহণ করে ফলাফল প্রকাশ ও সনদপত্র প্রস্তুত করবেন।

ঢ. প্রশিক্ষণ সমন্বয়কারী সনদপত্র বিতরণ ও সমাপনী অনুষ্ঠান ব্যবস্থা গ্রহণ করবেন।

০৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো এবং ইহা অবিলম্বে কার্যকর হবে।



(মোঃ শাফিউল ইসলাম)

পরিচালক (উপসচিব)

নেকটার, বগুড়া।

ফোন: ০২৫৮৮৮১৩৪৫১(অফিস)

directornactar7@gmail.com

অনুলিপি সদয় অবগতি/কার্যার্থে :

১। সচিব, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। সিনিয়র সচিবের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষাবিভাগ, ঢাকা।

৩। উপ-পরিচালক নেকটার, বগুড়া।

৪। ভারপ্রাপ্ত কর্মকর্তা (প্রশাসন ও সেবা বিভাগ), নেকটার, বগুড়া।

৫। খন্দকার মোঃ নাসিফ সোবহান, সহকারী ইন্সট্রাক্টর, নেকটার, বগুড়া (আদেশটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)

৬। অফিস কপি।